গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
সংস্থাপন শাখা
www.narsingdi.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮০০.০০০.১১০.১১.০০০১.২৬- ৮০

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৪ আগস্ট ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১. ০০৩৬.১৫.৮৮ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে https://dcnarsingdi.teletalk.com.bd তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম,গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ ও বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- | ১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়ার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০২ | কপিস্ট<br>গ্রেড-১৬ ও বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার)টি | (ক) কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩ | বেঞ্চ সহকারী<br>গ্রেড-১৬ ও বেতনস্কেল- ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৪ | হিসাব সহকারী<br>গ্রেড-১৬ ও বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার)টি | (ক) কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৫ | সার্টিফিকেট সহকারী<br>গ্রেড-১৬ ও বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে। |

**২। আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই প্রতিপালন করতে হবে:**

ক। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

খ। প্রার্থীর বয়সসীমা আবেদনের শেষ তারিখে **(১৩/০৯/২০২৬ খ্রি:)** ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

গ। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

ঘ। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

ঙ। চাকরির জন্য আবেদন অনলাইনে আগামী **১৯/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ০৯.০০ টা হতে ১৩/০৯/২০২৬ খ্রি. বিকাল ০৪.০০টা** পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

চ। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে "জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০" সংশোধিত ২০২৪" মোতাবেক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

ছ। অসত্য/ ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ ত্রুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/ নির্বাচন/ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**৩। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dcnarsingdi.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান **শুরুর তারিখ ও সময়: ১৯/০৮/২০২৬ খ্রি. সকাল ০৯.০০টা।**

(ii) Online-এ আবেদনপত্র **জমাদানের শেষ তারিখ ও সময়: ১৩/০৯/২০২৬ খ্রি. বিকাল ০৪.০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী user id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-**তে যে User ID নম্বর দেয়া থাকবে তা ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো** Teletalk pre-paid mobile **নম্বর এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি ১০০/- টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ সর্বমোট ১১২/-টাকা অফেরতযোগ্য এবং অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) সকল গ্রেডের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা** Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা আবেদন সাবমিট করার সময় হতে **অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

ধাপ-১:

প্রথম SMS: DCNARSINGDI User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCNARSINGDI ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCNARSINGDI Yes PIN and send to 16222.

ধাপ-২:

দ্বিতীয় SMS: DCNARSINGDI Yes PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCNARSINGDI YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCNARSINGDI Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcnarsingdi.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষার সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।**

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download করে রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DCNARSINGDI Help User ID & Send to 16222
Example: DCNARSINGDI Help 12345678 & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে: DCNARSINGDI Help PIN No & Send to 16222.
Example: DCNARSINGDI Help PIN 12345678 & send to 16222.

(ঝ) **অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকান থেকে আবেদন/টাকা জমাদান করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা dcnarsingdi@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই:

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়নপত্র/অনাপত্তিপত্র/সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

ক. অনলাইনে পূরনকৃত আবেদনপত্র (Aplicant's copy) ও প্রবেশপত্র (Admit card)
খ. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ
গ. নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ প্রশাসক, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ
ঘ. জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ
ঙ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
চ. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্র।
ছ. বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গানার সন্তান, ক্ষুদ্র-নৃ গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৫। নিয়োগ পরীক্ষার তারিখ ও অন্যান্য তথ্য www.narsingdi.gov.bd ওয়েবসাইট অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের পোর্টাল http:alljobs.teletalk.com.bd হতে; অথবা নিম্নোক্ত QR code স্ক্যান করে জানা যাবে।

৬। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা ও চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

৭। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধি-বিধান অনুসরণ করা হবে।

৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। যদি বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, এবং এমন কোনো ব্যক্তিকে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। এ কার্যালয়ের সংস্থাপন শাখার ১৪/১১/২০২৩ তারিখের ০৫.৩০.৬৮০০.১১০.১১.০০১.২৩- ৪৬২ নম্বর স্মারক মোতাবেক ০৭ (সাত)টি পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। "জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০" সংশোধিত ২০২৪" অনুযায়ী পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক- ০১ "উপ-প্রশাসনিক কর্মকর্তা" ও ক্রমিক-০৩ "সহকারী-প্রশাসনিক কর্মকর্তা" পদসমূহ পদোন্নতির মাধ্যমে পূরণ করার বিধি থাকায় এ দুই পদে নিয়োগ বিজ্ঞপ্তি আপতত বন্ধ থাকবে এবং ০৪, ০৫, ০৬ এবং ০৭ নম্বর ক্রমিকে যে সকল প্রার্থী আবেদন করেছেন সেসকল প্রার্থীর পুন:রায় আবেদন করার প্রয়োজন নেই।

১১। উপরে উল্লিখিত হয়নি এমন কোন বিষয়ে সর্বশেষ জারীকৃত বিধি বিধান অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন/ পরিবর্ধন/ পরিমার্জন/ সংযোজন করাসহ বিজ্ঞপ্তিটি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

০৯/০৮/২০২৬

ইসরাত জাহান কেয়া
জেলা প্রশাসক
নরসিংদী
ফোন নং-+৮৮০২২২৪৪৫২৫০০
ফ্যাক্স:-+৮৮০২২২৪৪৫৪৪৩৩
ই-মেইল:dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮০০.০০০.১১০.১১.০০০১.২৬- ৮০

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩
০৯ আগস্ট ২০২৬

অনুলিপি, সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪. জেলা প্রশাসক, ......................(সকল)
৫. পুলিশ সুপার, নরসিংদী
৬. উপ পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী
৭. সিভিল সার্জন, নরসিংদী
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি/ উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
০৯. উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর/ পলাশ/ শিবপুর/মনোহরদী/ বেলাবো/রায়পুরা, নরসিংদী
১০. সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর/ পলাশ/শিবপুর/মনোহরদী/বেলাবো/রায়পুরা, নরসিংদী
১১. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানো ও ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১২. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নরসিংদী
১৩. তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নরসিংদী
১৪. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী
১৫. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার..................................................., ঢাকা, বাংলাদেশ। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ভিতরের পাতায় ০১ (এক)দিনের জন্য (৩X২০) স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রচারিত সংখ্যার ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬. পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, নরসিংদী
১৭. আহ্বায়ক, জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড, নরসিংদী

০৯/০৮/২০২৬

জেলা প্রশাসক
নরসিংদী